দৈনিক সংবাদ

তারিখ 22 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৬

৫৩

# ঢাকা বোর্ডেও ভুয়া রেজিস্ট্রেশন হয়েছে

## না'গঞ্জে ৮৩ জন সনাক্ত

॥ মনির হোসেন লিটন ॥

যশোর শিক্ষা বোর্ডের পর এবার ঢাকা শিক্ষা বোর্ডেও ভুয়া রেজিস্ট্রেশনের মাধ্যমে এসএসসি পরীক্ষায় পরীক্ষার্থী অংশ নেয়ার খবর পাওয়া গেছে। এ বছর নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও থানার এসএসসি পরীক্ষা কমিটির সভাপতি সম্প্রতি এক চিঠিতে শিক্ষা সচিবকে জানিয়েছেন যে, তার কেন্দ্র থেকে ৮৩ জন ভুয়া রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থী সনাক্ত করা হয়েছে।

পরীক্ষা কমিটির সভাপতি তার চিঠিতে জানান, এ বছর এসএসসি পরীক্ষা চলাকালে ঢাকা বোর্ড থেকে ভুয়া রেজিস্ট্রেশন নেয়া কিছু পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে বলে অভিযোগ আসে। পরীক্ষা কমিটির সভাপতি তদন্ত করে এর প্রমাণ পান। পরীক্ষা কেন্দ্রের আইন-শৃংখলা রক্ষার দায়িত্বে নিয়োজিত ম্যাজিস্ট্রেট আনোয়ারুল ওয়াহেদ চৌধুরী পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীদেরকে জিজ্ঞাসাবাদ করে ৮৩ জনকে ভুয়া রেজিস্ট্রেশনধারী হিসেবে সনাক্ত করেন।

ভুয়া রেজিস্ট্রেশন : পৃঃ ৮ কঃ ৩

### ভুয়া : রেজিস্ট্রেশন

( ১ম পৃষ্ঠার পর )

পরবর্তীতে সোনারগাঁও থানার সকল হাইস্কুলের কাগজপত্র, পরীক্ষা কমিটির সভাপতির অফিসে এনে পরীক্ষা করা হয়। এতে দেখা যায় যে, ঢাকা বোর্ডের কিছু অসাধু কর্মকর্তা-কর্মচারির সহায়তায় অত্যন্ত সুচতুরভাবে ঢাকার বিভিন্ন স্কুলের কতিপয় ছাত্রছাত্রীকে ভুয়া রেজিস্ট্রেশন দেয়া হয় এবং এরা সোনারগাঁও থানার বিভিন্ন স্কুল থেকে পরীক্ষায় অংশ নেয়। রিবর পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক পরীক্ষা কমিটির সভাপতির কাছে লিখিত-ভাবে স্বীকার করেন যে, তার স্কুল থেকে এ বছর এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছে ৬৫ জন পরীক্ষার্থী। এদের মধ্যে মাত্র ২৭ জন তার স্কুলের মূল ছাত্রী। একইভাবে বারদি হাইস্কুলের প্রধান শিক্ষক স্বীকার করেন যে, তার স্কুল থেকে পরীক্ষায় অংশ নেয়া ৩০ জনই ভুয়া রেজিস্ট্রেশনধারী। সানীপুর হাইস্কুল এবং পেরাব আদর্শ বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণও ভুয়া রেজিস্ট্রেশনের কথা লিখিতভাবে স্বীকার করেন।

পরীক্ষা কমিটির সভাপতি তার চিঠিতে আরো উল্লেখ করেন যে, শিক্ষা বোর্ডের একশ্রেণীর অসাধু কর্মকর্তা-কর্মচারি অত্যন্ত সূক্ষ্মভাবে এ কারচুপি করছে বলে আপাতভাবে এসব প্রমাণ করা খুবই কষ্টকর। তবে ব্যাপক তদন্ত করলে ভুয়া রেজিস্ট্রেশনের আরো অনেক ঘটনা বেরিয়ে আসবে।

অন্য একটি সূত্র জানায়, ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে টাঙ্গাইল এবং ময়মনসিংহ অঞ্চলের বেশকিছু স্কুল থেকেও ভুয়া রেজিস্ট্রেশনের মাধ্যমে প্রায় এক হাজার পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের ঘটনা ঘটেছে। দুর্নীতি দমন ব্যুরো এ ব্যাপারে তদন্তও চালাচ্ছে।